রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/১৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**নম্বর-মপবি/ক:বি:শা:/সক-৫/২০০৩-১৭৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি' নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে:

**(ক) কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | চেয়ারম্যান |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৩) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (৫) | সচিব, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| (৬) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| (৭) | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | সদস্য |
| (৮) | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| (৯) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, পরিকল্পনা বিভাগ | সদস্য |
| (১১) | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| (১২) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১৩) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (১৪) | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| (১৫) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (১৬) | প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগের সচিব | সদস্য |

উপর্যুক্ত কমিটির কার্য সম্পাদনে প্রযোজ্য ক্ষেত্রে 'সচিব' বলিতে সিনিয়র সচিবও বুঝাইবে।

**(খ) কমিটির কার্যপরিধি :**

(১) সরকারি কার্য পরিচালনার পদ্ধতি, দক্ষতা এবং সরকারি সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য প্রশাসনিক ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা;

(২) একাধিক মন্ত্রণালয়/বিভাগ সম্পৃক্ত এমন বিষয় বিবেচনা করা;

(৩) মন্ত্রণালয়/বিভাগ অথবা দপ্তর/অধিদপ্তর-এর সৃজন কিংবা পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা;

(৪) নতুন কর্পোরেশন/স্বশাসিত সংস্থার সৃজন কিংবা বিদ্যমান কর্পোরেশন/সংস্থার পুনর্গঠন সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করা;

(৫) প্রশাসনিক দক্ষতা, দ্রুততা এবং ব্যয় সংকোচনের মাধ্যমে সরকারি কর্মকান্ড সম্পাদন সম্পর্কীয় যে কোন ধরনের বিষয় বিবেচনা করা; এবং

(৬) সম্পূর্ণরূপে সরকারি মালিকানাধীন কোম্পানির সৃষ্টি, অবসান, বিভক্তি বা একীভূতকরণের প্রস্তাব বিবেচনা করা।

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আবু সালেহ্ মোস্তফা কামাল**
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd